

ভোমের কাগজ

45

তারিখ ... AUG 1 1899 ...
পৃষ্ঠা ১২ কলাম ১

৪০ ছাত্রীর গণমূর্ছা এলাকায় আতঙ্ক

দক্ষিণাঞ্চল প্রতিনিধি : ঝিনাইদহের কালীগঞ্জ থানার কোলাবাজার হাই স্কুলে পর্যায়ক্রমে ৪০ জন ছাত্রী রহস্যজনকভাবে মূর্ছা যাওয়ায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্কুল কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য স্কুলটি বন্ধ ঘোষণা করেছে।

জানা যায়, গত ৬ আগস্ট হঠাৎ করে ছাত্রী কমনরুমে সাত জন ছাত্রী অজ্ঞান হয়ে পড়ে। পরবর্তী দুদিনে আরো ৩৩ জন ছাত্রী অজ্ঞান হয়ে অসুস্থ হয়ে যায়। ছাত্রীদের কয়েকজনকে হাসপাতালে ভর্তিও করা হয়। এদিকে স্কুলের কোনো ছাত্র অজ্ঞান হয়নি বলে জানা যায়। ছাত্রীদের এই মূর্ছা যাওয়ার কোনো কারণ এখনো জানা সম্ভব হয়নি।